যুগান্তর

তারিখ 04 FEB 2008
পৃষ্ঠা ৪ কলাম ৩

# সিডর আক্রান্ত এলাকায় শিক্ষকদের এমপিওভুক্তি

১৫ নভেম্বর, ২০০৭ তারিখে দেশের দক্ষিণ অঞ্চলে প্রলয়ংকরী ঘূর্ণিঝড় সিডরের আঘাতে সবকিছু লণ্ডভণ্ড হয়ে যায়। এ অঞ্চলে যেসব বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসায় বৈধভাবে শূন্য পদে/সৃষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক আছেন, তাদের পথে বসার উপক্রম হয়েছে। এমনিতেই তারা বছরের পর বছর শিক্ষা প্রতিষ্ঠানে বিনা বেতনে শ্রম দিয়ে আসছেন এমপিওভুক্তির আশায়। ঘূর্ণিঝড় সিডরের আগে অনেকের বসতবাড়ি, গাছপালা ছিল। সিডর আঘাত হানায় সব শেষ হয়ে গেছে। এখন এই শিক্ষকরা নিরুপায়। তারা মানসম্মানের কারণে কারও কাছে হাত পাততেও পারছেন না, কিভাবে তারা বসতবাড়ি পুনঃনির্মাণ করবেন? কোথা থেকে তারা কোন আর্থিক সহযোগিতা পাচ্ছেন না। এমপিওভুক্ত না হওয়ার কারণে সমাজে তাদের কোন মূল্য নেই। আমাদের দেশের অধিকাংশ শিক্ষক গরিব। শুধু এমপিওভুক্ত না হওয়ায় বছরের পর বছর শিক্ষকতা করেও অত্যন্ত কষ্টে জীবনযাপন করছেন তারা। তার ওপর আবার এই ঘূর্ণিঝড়, এ যেন মড়ার উপর খাঁড়ার ঘা। মানবিক দৃষ্টিকোণ থেকে এসব শিক্ষককে এমপিওভুক্ত করার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

**এসএম আবদুর রহিম**
মোরেলগঞ্জ, বাগেরহাট